"শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা"

Mr. khorshed pls upload
19-6-2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

# জুন/২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)<br>মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো |
| তারিখ | : | ০৮/০৬/২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | বিএমইটি'র সম্মেলন কক্ষ |

**উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

০২। বিগত মে/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**০১। প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম:**

১.১ APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত:

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের এপিএ/এনআইএস লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শাখাভিত্তিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। এপর্যন্ত অর্জিত লক্ষ্যমাত্রা সন্তোষজনক মর্মে তিনি জানান। ২০২২-২৩ অর্থ বছরের চূড়ান্ত এপিএ/এনআইএস মন্ত্রণালয়ের প্রেরণ করা হবে।

সিদ্ধান্ত-১.১: APA/NIS এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং মূল্যায়নে সংশ্লিষ্টদের সচেষ্ট থাকার তাগিদ দেওয়া হয়। এবিষয়ে সংশ্লিষ্ট কমিটি সভা আহবান করে লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে মূল্যয়ন করবে।

বাস্তবায়নে: পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS)।

**১.২ জনবল নিয়োগ সংক্রান্ত:**

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, বিএমইটি প্রধান কার্যালয়ে কম্পিউটার পার্সোনেল এর ৫ ক্যাটাগরির পদে মোট ১৪টি পদে জনবল নিয়োগে কোনো জটিলতা নেই। এ বিষয়ে নিয়োগ দেওয়া যেতে পারে। তিনি আরও জানান যে, বিএমইটির অধিভূক্ত টিটিসি/আইএমটি, জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিসসহ অন্যান্য অফিসে মোট মঞ্জুরীকৃত পদের সংখ্যা ৫৩২৪টি। এর মধ্যে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য পদ সংখ্যা ২০০টি। ১১-২০তম গ্রেডের মঞ্জুরীকৃত পদ ২৮৭৪টি, যার মধ্যে মধ্যে পূরণকৃত পদ ১৪৫৩ এবং শূণ্য পদ ১৪২১টি। ১১-২০তম গ্রেডের ১৪২১টি শূণ্য পদের মধ্যে আত্মীকরণ ও ১০% সংরক্ষণ হিসেবে মোট ১৫৮টি পদ সংরক্ষণ করতে হবে। ০৫টি রীট মামলায় ১৪৪ টি পদ আত্মীকরণ করার প্রয়োজন হবে। বর্তমানে ১০৭৬ টি পদে জনবল নিয়োগ করা যাবে। তিনি উক্ত পদে নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মঞ্জুরি প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত-১.২(ক): ১০৭৬ টি শূণ্যপদে গ্রেড ভিত্তিক আলাদা নিয়োগ/২-৪টি গ্রেড একত্রিভূত করে নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্র পাওয়ার পর নিয়োগের জন্য ডিপিসি সভা আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ)।

সিদ্ধান্ত-১.২ (খ): কম্পিউটার পার্সোনেল এর ১৪টি পদে জনবল নিয়োগের জন্য অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি।

**১.৩ PDS বাস্তবায়ন সংক্রান্ত :**

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, STEP এর সহায়তায় Leads Corporation কর্তৃক Human Resoures Development Software মডিউল Enhancement অনুযায়ী PDS এ ডাটা আপলোড প্রায় শেষ পর্যায়ে। এখনও যারা ডাটা আপলোড করেননি তাদেরকে অবগত করা হয়েছে।

সিদ্ধান্ত -১.৩: PDS এ সেসকল প্রতিষ্ঠান এখনও ডাটা আপলোড করেন নাই তাদের দুত শেষ করার তাগিদ দেওয়ার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশাসন ও অর্থ)।

**১.৪ শিক্ষানবিসি দপ্তরে জনবল পদায়ন সংক্রান্ত :**
০৩টি শিক্ষানবিসি দপ্তরে যোগ্য একজন কর্মকর্তাকে অফিস প্রধানের দায়িত্ব প্রদান এবং এর কার্যক্রম এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত -১.৪: ০৩টি শিক্ষানবিসি দপ্তরসমূহে একজন করে দক্ষ জনবল পদায়ন এবং এবং এর কার্যক্রম নির্ধারণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়।
বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক(প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)।

**আইটি শাখা:**
**১.৫ বিএমইটি'র সার্ভার সংক্রান্ত :**
বিএমইটি'র সার্ভার ব্যবস্থাপনার বিষয়ে সিস্টেম এনালিস্ট একটি সভা করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি আরো জানান যে, সার্ভারে ডাটা স্টোরেজ এর সমস্যার কারণে PDS এর ডাটা সংরক্ষণে সমস্যার সৃষ্টি হচ্ছে। সার্ভারে নতুন পাওয়ার সাপ্লাই সংযোজনের প্রয়োজনীয়তার উল্লেখ করেন।
সিদ্ধান্ত- ১.৫: বিএমইটি'র সার্ভার ব্যবস্থাপনার বিষয়ে ০৯/০৬/২০২২ তারিখে একটি সভা করার সিদ্ধান্ত হয়। সার্ভার এ নতুন পাওয়ার সাপ্লাই লাগানো এবং সার্ভার মেরামতের বিষয়ে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডকে পত্র দেওয়ার সিদ্ধান্ত হয়।
বাস্তবায়নে: সিস্টেম এনালিস্ট
**সাধারন সেবা :**
**১.৬ নতুন প্রযুক্তি সমৃদ্ধ কম্পিউটার/কম্পিউটার সামগ্রী ক্রয় :**
সভায় উপপরিচালক (সাধারণ সেবা) বলেন বিএমইটি'র সিস্টেম এনালিস্ট ও আইটি অভিজ্ঞদের সমন্বয়ে কমিটি গঠন করে নতুন প্রযুক্তি সমৃদ্ধ কম্পিউটার/কম্পিউটার ক্রয়ের অগ্রগতি নিয়ে আলোচনা করেন।
সিদ্ধান্ত- ১.৬: নতুন প্রযুক্তি সমৃদ্ধ কম্পিউটার/কম্পিউটার সামগ্রী ক্রয় ১২/০৬/২০২২ তারিখের বিল দাখিল এবং টোকেন সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (সাধারণ সেবা)

**১.৭ জুম মিটিং এর জন্য ওয়েব ক্যামেরা এবং ০৩(তিন) টি স্মার্ট বোর্ড ক্রয় সংক্রান্ত :**
সভায় উপপরিচালক (সাধারণ সেবা) বিএমইটি'র সম্মেলন কক্ষে জুম মিটিং এর জন্য ০৩(তিন) টি স্মার্ট বোর্ড এর টেন্ডার করা হয়েছে। NOA প্রদান করে চুক্তি সম্পাদন করা হয়েছে।
সিদ্ধান্ত- ১.৭: বিএমইটি'র সম্মেলন কক্ষে জুম মিটিং এর জন্য ০৩(তিন) টি স্মার্ট বোর্ড পরবর্তী অর্থবছরে ক্রয় এর বিষয়ে অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় জানানোর সিদ্ধান্ত হয়।
বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক (সাধারণ সেবা)

**০২। বহির্গমন শাখার কার্যক্রমঃ**
**২.১ বহির্গমন শাখার জনসমাগম সুশৃঙ্খল করানো এবং ফাইলিং সিস্টেমসহ বহির্গমন শাখার সার্ভিস সংক্রান্ত:**
পরিচালক (বহির্গমন) সমন্বয় সভায় জানান যে, বহির্গমন শাখার কিছু সংখ্যক লোক নিয়মিত যাতায়াত করেন। তাদেরকে সুশৃঙ্খল করার প্রয়াস অব্যাহত থাকবে। বহির্গমন শাখায় আগতদের সুশৃঙ্খল করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান সেবার মান বাড়ানোর জন্য লোকবল বৃদ্ধির প্রয়োজনীয়তা তুলে ধরেন। কেউ যাতে সুবিধাবঞ্চিত না হয় সে বিষয়ে বলেন। এ সকল বিষয়ে স্টেকহোল্ডারদের সাথে একটি সভা আয়োজনের কথা বলেন।
সিদ্ধান্ত - ২.১: বহির্গমন শাখার সার্ভার সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত খোলা থাকবে। বিকাল ০৫.০০টার পর কারো বহির্গমন ছাড়পত্র জরুরী প্রয়োজন হলে ডিজি মহোদয়কে অবহিত করতে হবে।। বহির্গমন শাখা আলাদা একটি সভা করে ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: পরিচালক (বহির্গমন)

**০৩। কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ**
**৩.১ রিক্রুটিং এজেন্সির প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত:**
উপপচিালক (কর্মসম্পাদন) সভায় জানান যে, রিক্রুটিং এজেন্সির প্রতিনিধির মনোনয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।
সিদ্ধান্ত - ৩.১: রিক্রুটিং এজেন্সির প্রতিনিধির মনোনয়নের বিষয়ে তাদের Salary Sheet জমা দেওয়ার সিদ্ধান্ত হয়।
বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান)

৩.২ RAIMS বাস্তবায়ন সংক্রান্ত :
সভায় উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান ০৮/০৬/২০২২ তারিখের মধ্যে ৬৬৫টি রিক্রুটিং এজেন্সি RAIMS এ তথ্য আপলোড করেছে এবং ৯৫০ টি রিক্রুটিং এজেন্সি তথ্য আপলোড করেন নাই।
সিদ্ধান্ত - ৩.১: RAIMS-এ তথ্য আপলোড করার বিষয়ে প্রচারনা হিসেবে বায়রাকে পত্র, ফেস্টুনে প্রচারনা দিয়ে তথ্য আপলোড করার শেষ সময় জানিয়ে অবগত করতে হবে। RAIMS-এ তথ্য আপলোড করা না থাকলে রিক্রুটিং এজেন্সির সেবা কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত হয়। এছাড়া নতুন লাইসেন্স প্রাপ্ত রিক্রুটিং এজেন্সির তথ্য RAIMS এ আপলোড করতে হবে।
বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান)

৩.৩ GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা):
সভায় উপপরিচালক (কর্মসংস্থান) সভায় জানান অনলাইনে প্রাপ্ত মহিলা অভিবাসী কর্মীদের অভিযোগগুলো দ্রুততম সময়ে নিস্পত্তি করা যায় না, এজেন্সিকে পত্র দিতে হয়, যার কারণে নিস্পত্তি ধীরগতি হয়। তিনি অনলাইনে প্রাপ্ত অভিযোগ এবং নিস্পত্তির বিষয়ে বিস্তর আলোচনা করেন।
সিদ্ধান্ত - ৩.৩: GRS (অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা) সিস্টেম আপডেট করার সিদ্ধান্ত হয়। কেস ডাইরির ফরমেট থাকবে যাতে বোঝা যায় মাসে/বছরে কতটি অভিযোগ হয়েছে। অনলাইনে প্রাপ্ত অভিযোগগুলো রেজিস্টারে উঠাতে হবে।
বাস্তবায়নে: পরিচালক (কর্মসংস্থান)

০৪। প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ
৪.১ NTVQF/RPL প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত :
সভায় পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) NTVQF/RPL এর আওতায় Level-2 কোন কোন টিটিসি করতে পারবে সে বিষয়ে আলোচনা করেন। তিনি জানান এ পর্যন্ত ৩২ টি টিটিসি'র মতামত পাওয়া গেছে।
সিদ্ধান্ত - ৪.১: NTVQF/RPL এর আওতায় Level-2 কোর্স পরিচালনার বিষয়ে যেসকল টিটিসি এখনও মতামত প্রদান করেন নাই সেসকল টিটিসিকে কারণ দর্শানোর নোটিশ জারী করার সিদ্ধান্ত হয়। কারণ দর্শানোর নোটিশে মহাপরিচালক মহোদয়কে অনুলিপি দিতে হবে এবং কারণ দর্শানো নোটিশ এসিআর এ অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত হয়।
বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ও উপপরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)
৪.২: ট্রেড ও শিক্ষক সমন্বয় সংক্রান্ত :
কিছু সংখ্যক টিটিসিতে শিক্ষক আছে কিন্তু ট্রেড চালু নেই আবার ট্রেড আছে কিন্তু শিক্ষক নেই। সেই সকল টিটিসিতে শিক্ষক এবং ট্রেড সমন্বয়ের বিষয়ে সভায় আলোচকগণ বিস্তারিত আলোচনা করেন।
সিদ্ধান্ত -৪.২: টিটিসিগুলোর শিক্ষক এবং ট্রেড সমন্বয়ের তালিকা পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ও পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) প্রস্তুত করবেন। তালিকা পাওয়ার পর প্রশাসন শাখা হতে জিও জারী করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: (১) পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), (২) পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা), (৩) পরিচালক (প্রশাসন ও অর্থ)।

৪.৩ টিটিসি মূল্যায়ন সংক্রান্ত :
সভায় আলোচকগণ টিটিসি/আইএমটিসমূহে পরিচালিত বিভিন্ন ধরণের কোর্স নিয়ে আলোচনায় টিটিসি/আইএমটি'র অধ্যক্ষ, প্রশিক্ষকদের মান উন্নয়ন এবং প্রশিক্ষণার্থীদের মূল্যায়নের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।
সিদ্ধান্ত - ৪.৩: যেসকল প্রশিক্ষকগণ যে ট্রেডে সংযুক্ত আছেন সেই ট্রেডের প্রশিক্ষণার্থী ভর্তি, পরীক্ষায় উত্তীর্ণ এবং তাদের জব প্লেসমেন্ট এ ব্যবস্থা গ্রহণ করতে হবে। Evaluation Soft কপি প্রত্যেক টিটিসি/আইএমটিকে প্রদানের সিদ্ধান্ত হয়।
বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এবং পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)

০৫। প্রশিক্ষণ মান ও পরিকল্পনা শাখার কার্যক্রমঃ
৫.১ টিটিসি ও আইএমটি সমূহে সকল কোর্সে ছাত্র ভর্তি সংক্রান্ত :
সভায় পরিচালক (প্রশিক্ষন মান ও পরিকল্পনা) সকল টিটিসি ও আইএমটি সমূহে ছাত্র ভর্তির বিষয়ে সক্ষমতা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের ভর্তির বিষয়ে আলোচনা করেন। একটি পূর্ণাঙ্গ তথ্য পরিচালক (প্রশিক্ষন মান ও পরিকল্পনা) প্রস্তুত করে উপস্থাপন করবেন।
সিদ্ধান্ত - ৫.১: সকল টিটিসি ও আইএমটি সমূহে ছাত্র ভর্তির বিষয়ে সক্ষমতা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের ভর্তির বিষয়ে একটি পূর্ণাঙ্গ তথ্য পরিচালক (প্রশিক্ষন মান ও পরিকল্পনা) প্রস্তুত করে উপস্থাপন করবেন।
বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষন মান ও পরিকল্পনা)

**০৬। '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ**

**৬.১ প্রকল্পের নকশা সংক্রান্ত :**

সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেন জানান '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পটির নকশা স্থাপত্য অধিদপ্তর হতে পাওয়া গেছে। পর নথি উপস্থাপনের নির্দেশনা দেওয়া হয়।

সিদ্ধান্ত -৬.১: প্রকল্পটির নকশা স্থাপত্য অধিদপ্তর হতে পাওয়া পর নথি উপস্থাপনের নির্দেশনা দেওয়া হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেন

**৬.২ 'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ**

উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেন **'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক** প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রেরণের নিমিত্ত দ্রুততম সময়ে ডিপিপি প্রণয়ন এর বিষয়ে আলোচনা করেন।স সংক্রান্ত অগ্রগতি পরবর্তি সমন্বয় সভায় উপস্থাপন করবেন।

সিদ্ধান্ত - ৬.২: প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রেরণের নিমিত্ত দ্রুততম সময়ে ডিপিপি প্রণয়ন সংক্রান্ত অগ্রগতি পরবর্তি সমন্বয় সভায় উপস্থাপন করবেন।

বাস্তবায়নে: পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) ও উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব জাহাঙ্গীর হোসেন

**০৭। 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প'**

প্রকল্প পরিচালক (**দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প) সভায় 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্পে'র** অধীনে কত জন প্রশিক্ষাণার্থী ভর্তি হয়েছেন, তন্মধ্যে বিআরটিএ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, কতজন লাইসেন্স প্রাপ্ত হয়েছেন এবং কতজন স্মার্ট কার্ড পেয়েছেন তার তথ্য উপস্থাপন করেন। সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত - ৭.১: **'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্পে'র** অধীনে কত জন প্রশিক্ষাণার্থী ভর্তি হয়েছেন, তন্মধ্যে বিআরটিএ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন, কতজন লাইসেন্স প্রাপ্ত হয়েছেন এবং কতজন স্মার্ট কার্ড পেয়েছেন তার তথ্য সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (**দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প)**

**০৮। '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্প :**

প্রকল্প পরিচালক (৪০টিটিসি শীর্ষক প্রকল্প) সভায় জানান '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পসহ চীফ ইন্সট্রাক্টর হতে সদ্য পদায়নকৃত অধ্যক্ষদের নিয়ে ২দিন ব্যাপি ওয়ার্কশপ হবে। সভায় আলোচক থাকবেন পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), প্রকল্প পরিচালক, পুরাতন টিটিসি'র অধ্যক্ষগণ, পার্শ্ববর্তী টিটিসি' অধ্যক্ষগণ এবং মনিটরিংয়ের দায়িত্বপ্রাপ্ত বুরোর কর্মকর্তাগণ।

সিদ্ধান্ত - ৮.১: '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পসহ চীফ ইন্সট্রাক্টর হতে সদ্য পদায়নকৃত অধ্যক্ষদের নিয়ে ২দিন ব্যাপি ওয়ার্কশপ জুলাই মাসে করতে হবে।

বাস্তবায়নে: প্রকল্প পরিচালক (৪০টিটিসি শীর্ষক প্রকল্প) ও পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)

**১০। ডিইএমও, ঢাকা'র কার্যক্রম:**

ঢাকা ডিইএমও এর সহকারী পরিচালক সভায় ডিইএমও গুলোর বিভিন্ন ধরণের সেবার কার্যক্রম এবং জনবল সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন।

সিদ্ধান্ত - ১০.১: ডিইএমও বিষয়ক গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সহকারী পরিচালক, ডিইএমও, ঢাকা সমন্বয় সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: সহকারী পরিচালক, ডিইএমও, ঢাকা।

**১১। অনিষ্পন্ন বিষয়:**

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) বিএমইটির প্রতিটি শাখার ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের জন্য বলেন।

সিদ্ধান্ত - ১১.১: বিএমইটির প্রতিটি শাখার ই-ফাইলিং কার্যক্রম জোরদার করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (সকল) ও উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

**১২। বিএমইটি'র অর্জনসমূহ :**

সভায় আলোচকগণ সাম্প্রতিক সময়ে বিএমইটি'র অর্জনগুলোর সাফল্যতা নিয়ে আলোচনা করেন।

সিদ্ধান্ত-১২.১:বিএমইটি'র অর্জনগুলো সমন্বয় সভার কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: পরিচালক (সকল)

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহীদুল আলম, এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)
Email-dg@bmet.org.bd.

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ১৫৪৮

তারিখ: ১৮ . ০৬ .২০২২ খ্রিঃ।

<u>অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):</u>

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল) ।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
৯. সহকারী পরিচালক (সকল) , বিএমইটি, ঢাকা।
১০. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১১. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১২. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪ .মাস্টার নথি/২০২২।